

প্রেস রিলিজ
২৫ মার্চ ২০২৫

ড.এম শমশের আলী এর প্রফেসর ইমেরিটাস পদে বাউবিতে আনুষ্ঠানিকভাবে দাপ্তরিক কার্যক্রম শুরু:



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা উপাচার্য ও আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন পরমাণু বিজ্ঞানী অধ্যাপক ড. এম শমশের আলী বাউবির প্রফেসর ইমেরিটাস পদে গতকাল ২৪ মার্চ ২০২৫ তারিখ তাঁর দাপ্তরিক কার্যক্রম আনুষ্ঠানিকভাবে শুরু করেন। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ওবায়দুল ইসলাম দেশবরেণ্য সর্বজন শ্রদ্ধেয় বিশিষ্ট এ শিক্ষাবিদ ড. শমশের আলীকে ফুল দিয়ে বরণ করেন এবং অভিনন্দন জানান। এ সময়ে বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. দিল রওশন জিন্নাত আরা নাজনীন, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক সাঈদ ফেরদৌস পিএইচডি, ট্রেজারার অধ্যাপক ড. আবুল হাসনাত মোহা: শামীম, রেজিস্ট্রার, ডীন, পরিচালক ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।



মোঃ খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)